শৈলকুপায় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন ও অবহিতকরণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের শৈলকুপায় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন ও অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টার দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার রাশেদ আল মামুন।

সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রেশমা খানম, ইউ এফ পি ও আব্দুল মজিদ,এসআই নাইমুজ্জামান, ইউপিআই সুপার আশরাফুজ্জামান ও মেডিকেল অফিসার শাহনেওয়াজ ইবনে কাশিম।

ডিসপ্লে এর মাধ্যমে উপস্থিত স্বাস্থ্য কর্মীদের ভিটামিন এ বিষয়ক সচেতনতামূলক পিকচার প্রদর্শন করেন শাহনেওয়াজ ইবনে কাশেম । এসময় বক্তারা ভিটামিন এ সম্পর্কিত বিভিন্ন খাদ্য এবং ভিটামিন এ ক্যাপসুল বিষয়ে বিস্তারিত বক্তব্য তুলে ধরেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্বাস্থ্য পরিদর্শক মোঃ শহিদুল ইসলাম।

মেহেরপুরে নৌকার প্রার্থীর পক্ষে মাঠে নামলেন জেলা জাতীয় পার্টির নেতৃবৃন্দ

কেন্দ্রীয় জাতীয় পার্টির কোনো নির্দেশনা নেই। জাতীয় পার্টির মেয়র প্রার্থী না থাকায় স্থানীয় জাতীয় পার্টির নেতৃবৃন্দ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মাহফুজুর রহমান রিটনের পক্ষে ভোটের প্রচারণায় নেমেছেন।

আজ শনিবার দিনব্যাপি জাতীয় পার্টির নেতৃবৃন্দ মেহেরপুর পৌর সভার বিভিন্ন ওয়ার্ডে মাহফুজুর রহমান রিটনের নৌকা প্রতিকের পক্ষে গণ সংযোগ চালিয়েছেন। গণসংযোগ শেষে ৭ নং ওয়ার্ডের নৌকার নির্বাচনী অফিসের সামনে পথসভা করেছেন।

পথ সভায় বক্তব্য রাখেন জেলা জাতীয় পার্টির আহবায়ক আব্দুল হাদী, সদস্য সচীব সুমন পারভেজ, মেহেরপুর পৌর জাতীয় পার্টির সভাপতি আব্দুল মান্নান, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম, ধর্ম বিষয়ক সম্পাদক হাসানুজ্জামান, ৪ নং ওয়ার্ড জাতীয় পার্টির সভাপতি মইনুল ইসলাম মধু, ৬ নং ওয়ার্ড জাতীয় পার্টির সভাপতি আবু জাফরসহ স্থানীয় নেতৃবৃন্দ।

বক্তারা বলেন, মেহেরপুর পৌর সভা নির্বাচনে জাতীয় পার্টি কোনো প্রার্থী মনোনয়ন দেইনি। তাই স্থানীয় জাতীয় পার্টির সিদ্ধান্ত মোতাবেক আমরা একজন যোগ্য ও সৎ প্রার্থীর পক্ষে অবস্থান নিয়ে আওয়ামী লীগের দলীয় প্রার্থীর পক্ষে নিয়েছি। আমরা এও সিদ্ধান্ত নিয়েছি জাতীয় পার্টি রিটনের পক্ষে থেকে নির্বাচন করবে। জাতীয় পার্টির কর্মী সমর্থক ও ভোটারদের নৌকার প্রার্থী মাহফুজুর রহমান রিটনের পক্ষে থাকার আহবান জানান তারা।

মহানবী (সা.) কে কটূক্তি প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন কর্মসূচী

প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা:) কে নিয়ে ভারতীয় বিজেপি মুখপাত্র নুপুর শর্মা ও প্রবীণ কুমার জিন্দাল আপত্তিজনক ও অবমাননাকর মন্তব্যের প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন কর্মসূচী পালন করেছে ধর্মপ্রাণ মুসল্লিরা।

শনিবার (১১ জুন) বাদ আছর কুষ্টিয়া শহরের এন এস রোডে্এই মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। সর্বস্তরের তাওহীদি জনতা কুষ্টিয়া এই মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে।

এর আগে খণ্ড খণ্ড মিছিল একত্রিত হয়ে মানববন্ধনে অংশ নেন হাজার হাজার ধর্মপ্রাণ মুসল্লিরা।

মোমতাজুল উলূম মাদ্রাসার মোহতামিম মাও: হাফেজ আরিফুজ্জামানের সভাপতিত্বে এবং আব্দুল মতিনের মানববন্ধন কর্মসূচীতে বক্তব্য রাখেন কুষ্টিয়া কেন্দ্রীয় মসজিদের ইমাম ও খতিব মুফতি আসাদুজ্জামান, সাদ্দাম বাজার মসজিদের ইমাম ও খতিব মুফতি মাসুম বিল্লাহ আল বাশারি, যুব নেতা আবু সাঈদ টুটুল, পৌর ৩ নং ওয়ার্ডের কমিশনার এস এম উসমান গনি, মুহাঃ নাহিন প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন, ভারতের ক্ষমতাসীন দল বিজেপির নেতাদের একের পর এক ইসলাম ও মানবতার মুক্তির দূত মহানবী (সা.) এবং তাঁর পরিবার নিয়ে কটূক্তি সারা বিশ্বের মুসলমানদের চরমভাবে ক্ষুব্ধ করেছে।

ইসলাম বিদ্বেষী ক্ষমতাসীন বিজেপি নেতা কর্মীরা বিভিন্ন সময় আপত্তিকর মন্তব্য করে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চাই। বিভিন্ন ইসলামী রাষ্ট্রীয় দেশে গুলো প্রতিবাদ করতে দেখা যায়। যারা আমাদের নবীকে নিয়ে অবমাননাকর মন্তব্য করেন তাদের শুধু স্থায়ী, অস্থায়ী বহিষ্কার করলেই হবে না। তাদের দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনতে হবে পরবর্তীতে কোন ব্যক্তি এই ধরনের মন্তব্য করতে সাহস না দেখায়। ভারতীয় পণ্য বর্জনের ঘোষণা দেন। মানববন্ধনে ভারতে মহানবী (সা.) কে কটূক্তির তীব্র নিন্দা জানানো হয়।

মেহেরপুর পৌর সভার দলীয় প্রার্থীর পক্ষে নির্বাচনী গণসংযোগে আওয়ামী লীগ নেতৃবৃন্দ

আওয়ামী লীগের দলীয় প্রার্থী মাহফুজুর রহমানের নৌকা মার্কা প্রতিকের জয় সুনিশ্চিত করতে পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে

নির্বাচনী পথসভা ও ভোট চেয়ে প্রচার প্রচারনা চালিয়েছেন নেতৃবৃন্দ। আজ শনিবার (১১ জুন) মেহেরপুর শহরের বিভিন্ন ওয়ার্ডে এ অভিযান চালান তারা।

এসময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, আব্দুল মান্নান, জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জজ কোর্টের পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহবায়ক সোয়েব রহমানসহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবকলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্ উপস্থিত ছিলেন।

জীবননগর বকুন্ডীয়ায় মিথ্যা মামলার প্রতিবাদে সংবাদ সম্মেলন

জীবননগর উপজেলার বকুন্ডীয়া গ্রামের মিরাজের নামে করা মিথ্যা মামলার প্রতিবাদে মিরাজের পিতা জাকির হোসেন শনিবার বিকাল ৫টার সময় সংবাদ সম্মেলন করেন।

সংবাদ সম্মেলনে জাকির হোসেন বলেন গত ৬ই জুলাই সোমবার আমাদের একই মহল্লাই বসবসকারী তারিকের মা রাত আনুমানিক ৯ টার দিকে নিজ ঘরেই ঈশার নামাজ আদায় করছিলেন এ সময় তারিকের বৃদ্ধা মাতাকে পিছন থেকে কে বা কাহারা এলপাতাড়ি ভাবে শরিরে কোপ দিয়ে পালিয়ে যায়।

পরে তাদের আত্নচিৎকারে মহল্লার সবাই ঘটনাস্থলে উপস্থিত হয়ে আহত বৃদ্ধাকে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যায়। ঘটনার সময় আমার ছেলে মিরাজ হোসেন একই গ্রামের অন্য পাড়াই চায়ের দোকানে বসে ছিলেন।

এ সময় বৃদ্ধার পুত্রবধু সহ কে বা কাহারা আমর ছেলে মিরাজের নাম উল্লেখ করে কথা বলেন যে, দিনের বেলাই মিরাজের সাথে এই বৃদ্ধার ছাগল নিয়ে কথা কাটাকাটি হয়েছিল হইতোবা সেই এই কাজটি করতে পারে।

তারই জের ধরে ঘটনার সময় উৎতপ্ত জনতা কোন কিছু বুঝে উঠার আগেই হাসাদাহ ক্যাম্পের পুলিশকে সংবাদ দিয়ে সন্দেহমূলক ভাবে আমার ছেলেকে পুলিশের কাছে সপর্দ করেন। আমার ছেলে সম্পূর্ণ নির্দোষ এবং নিরপরাধ। এই ঘটনা সম্পর্কে কিছুই জানেনা। তিনি আরো বলেন এই ঘটনার সময় আমার ছেলে যে চায়ের দোকানে বসে ছিলেন তারো যথেষ্ট প্রমানও আছে।

সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন এই মামলার বাদি তারিক মামলার ভিকটিম রেহেজান বেগম অরফে বড়বুড়ি। তিনি নিজে সংবাদ সম্মেলনে উপস্থিত থেকে বলেন যে, আমি রাতে ঈশার নামাজ পড়ছিলাম সে সময় কে বা কাহারা আমার পিছন থেকে আঘাত করে পালিয়ে যায় আমি কাউকে চিনতে পারিনাই। আমার কারোর বিরুদ্ধে কোন অভিযোগ নাই।

এসময় আরো উপস্থিত ছিলেন গ্রামের গন্যমান্য বাক্তিবর্গ এবং গ্রামের আরো অনেকেই । সর্বশেষ সংবাদ সম্মেলনে জাকির হোসেন তার ছেলে মিরাজের বিরুদ্ধে করা এই মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে বাদি সহ সকল প্রশাসনের প্রতি জোর দাবি জানান ।

হরিনাকুণ্ডুতে দৈনিক দেশের কন্ঠ পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

নানা আয়োজনের মধ্যে দিয়ে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলাতে পালিত হয়ে গেলো, সব পাঠকের কাগজ দৈনিক দেশের কন্ঠ পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী। পত্রিকাটির সাফল্যর পঞ্চম বছর পেরিয়ে ৬ষ্ঠ বছরে পদার্পণ উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

শনিবার বিকাল ৩ ঘটিকায় হরিনাকুণ্ডু পৌরসভার সম্মেলন কক্ষে

আয়োজিত এক আলোচনা সভায় দৈনিক দেশের কন্ঠ পত্রিকার প্রতিনিধি মোঃ রাব্বুল হুসাইন এর সভাপতিত্বে ও এইচ মাহবুব মিলুর সঞ্চালনায় প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন, হরিনাকুণ্ডু থানা অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন হরিণাকুণ্ডু পৌর মেয়র ফারুক হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ঝিনাইদহ জেলা সাবেক মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার রেজাউল ইসলাম গেন্দা , মানবাধিকার কমিশন ঝিনাইদহ জেলা সাধারণ সম্পাদক এডভোকেট খোদাবক্স,হরিণাকুণ্ডু উপজেলা প্রেসক্লাবের সভাপতি মাহফুজুর রহমান, সাধারণ সম্পাদক জাফিরুল ইসলাম, ঝিনাইদহ প্রেসক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক ও জাতীয় দৈনিক ইত্তেফাক পত্রিকার প্রতিনিধি শাহানুর আলম,ওসি (তদন্ত) রিয়াজুল ইসলাম,প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান,বীর মুক্তিযোদ্ধা শাকের আলী, দৈনিক ডেল্টা টাইমস পত্রিকার হরিণাকুণ্ডু প্রতিনিধি এবং বাংলাদেশ মফস্বল সাংবাদিক সোসাইটির (বিএমএসএস) এর সহকারী সম্পাদক এম.শহিদুল ইসলাম টুকু,সিনিয়র সাংবাদিক মোস্তাফিজুর রহমান এলবি লিটন, উদয়, শিশির সহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক সহ আরও অনেকেই।

আলোচনা সভায় অতিথিরা জাতীয় দৈনিক দেশের কন্ঠ পত্রিকার উত্তরোত্তর সাফল্য কামনা করেন। মুক্তি যুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরুক এবং কথা বলুক নির্যাতিত, নিপিড়িত,মানুষের কথা। তুলে ধরুক এই জনপদের নানা উন্নয়নের চিত্র।

মেহেরপুরে বিএনপি’র বিক্ষোভ মিছিল ও সমাবেশ

গ্যাস সহ নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্যর উর্ধ্বগতির প্রতিবাদে এবং মূল্যহ্রাসের দাবিতে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১১ জুন) বিকালে জেলা বিএনপি’র দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ সভাপতিত্ব করেন জেলা বিএনপি’র সভাপতি সাবেক এমপি মাসুদ অরুন।

মেহেরপুর পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনা অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন, জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন, জেলা বিএনপি’র সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, আব্দুর রশিদ, জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক আরজুল্লা মাস্টার বাবলু, সদর উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, মহিলা দলের সভাপতি সাইয়্যেদাতুন নেসা নয়ন।

সমাবেশে জেলা বিএনপি, জেলা ছাত্রদল, জেলা যুবদল, জেলা স্বেচ্ছাসেবক দল সহ সকল অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্হিত ছিলেন।

সভা শেষে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার আশুমুক্তির জন্য দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন জেলা জাতীয়তাবাদী ওলামা দলের সভাপতি রনি মোল্লা।

ঝিনাইদহের সেই তৌহিদুলকে ইজিবাইক দিলেন যুবলীগ সম্পাদক নিখিল

ঝিনাইদহ পৌর যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলামকে জীবিকা নির্বাহের জন্য একটি ইজিবাইক উপহার দিয়েছেন কেন্দ্রীয় যুবলীগের সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল।

শনিবার বিকালে যুবলীগের প্রেসিডিয়াম সদস্য নবী নেওয়াজ, আনোয়ার হোসেন, যুগ্ম সম্পাদক সব্র্রত পাল, সাংগঠনিক সম্পাদক এ্যাড. ড. শামীল আল সাইফুল সোহাগসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ সভাপতি তৈয়ব আলী জোয়ার্দ্দার, জেলা যুবলীগের

যুগ্ম আহবায়ক রাশীদুর রহমান রাসেল, হাফিজুর রহমান, রাজু আহমেদ, শফিকুল ইসলাম শিমুল, সদর উপজেলা যুবলীগের আহবায়ক উপস্থিত থেকে ইজিবাইকটি তৌহিদুল ইসলামের হাতে তুলে দেন।

উল্লেখ্য, তৌহিদুল ইসলাম ঝিনাইদহ সদর পৌর যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক ছিলেন। ২০০১ সালের ১৮ জুন বিএনপির হরতালে এইচএসএস রোডের সমবায় মার্কেটে তহিদুল ইসলামের ঝিনাইদহ স্টুডিও এন্ড ফটোস্ট্যাট দোকানে হামলা করে নষ্ট করে দেয়। তার বিরুদ্ধে দায়ের হয় একাধিক মামলা। পলাতক জীবন শুরু হয় তহিদুলের। জড়িয়ে পড়ে মাদকাসক্তিতে। শেষে জীবিকার তাগিদে ভাড়ায় রিকশা চালিয়ে জীবন চালাচ্ছিলেন তৌহিদুল।

এই বিষয়ে সংবাদ প্রকাশিত হলে নজরে পড়ে কেন্দ্রীয় যুবলীগের সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিলের। তিনি জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক রাজু আহমেদকে দিয়ে ঢাকায় নিয়ে যান তৌহিদুলকে।

মেহেরপুরে ইভটিজিং ও সড়ক দুর্ঘটনা কমাতে ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান শুরু

সড়ক দুর্ঘটনা ও পথে পথে ইভটিজিং প্রতিরোধে এবার মাঠে নামলেন মেহেরপুরের ট্রাফিক পুলিশ। শহরের মোড়ে মোড়ে ট্রাফিক পুলিশের উদ্যোগে চলছে অভিযান।

আজ শনিবার (১১ জুন) দুপুরের দিকে মেহেরপুর শহরের সকারী মহিলা কলেজের সামনে এবং সরককারী বালিকা বিদ্যালয়ের সামনে এই অভিযান চালান তারা।

মেহেরপুর ট্রাফিক পুলিশের সার্জেন্ট আল-আমিন হোসেনের নেতৃত্বে একটি টীম এ অভিযানে অংশ নেন। মোটরসাইকেল নিয়ে অযাথা ঘুরাঘুরি করা ও বৈধ কাগজপত্র না থাকায় এবং কাগজপত্র দেখাতে ব্যর্থ হওয়ায় দুটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে। এছাড়া একটি মোটরসাইকেলের

বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা দেওয়া হয়েছে। উপস্থিত ছিলেন টিএসআই মোকাররম হোসেনসহ ট্রাফিক পুলিশের একটি টীম।

এ ধরনের অভিযান প্রতিদিনই চলবে জানান মেহেরপুর ট্রাফিক পুলিশের সার্জেন্ট আল-আমিন হোসেন। তিনি জানান, সড়ক দূর্ঘটনা রোধে এবং ইভটিজিং কমাতেই এ ধরনের কর্মসূচী নেওয়া হয়েছে।

মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির কালো পতাকা নিয়ে অনশন কর্মসূচী

ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রেখে কালো পতাকা ধারণ করে নিজ নিজ দোকানের সামনে অবস্থান কর্মসূচী পালন করলেন ব্যবসায়ীরা।

মেহেরপুর কোর্ট মসজিদ মার্কেটের দোকান উচ্ছেদ ও ব্যবসায়ীদের উপর নির্যাতনের প্রতিবাদে মেহেরপুরে হোটেল বাজার ব্যবসায়ী সমিতির ডাকা তৃতীয় দিনে এ কর্মসূচি পালন করেন তারা।

আজ শনিবার (১১ জুন) সকাল ১১ টার দিকে হোটেল বাজার মোড়ে মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির ব্যবসায়ীরা একত্রিত হয়ে কালো পতাকা হাতে অবস্থান ধর্মঘট পালন করেন।

হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নানের সভাপতিত্বে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, মেহেরপুর পরিবেশক সমিতির সহসভাপতি মফিজুর রহমান।

এসময় তারা মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান ও সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদের বিরুদ্ধে বিভিন্ন শ্লোগন দেন। সঞ্চালনায় ছিলেন, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সিনিয়র সহ-সভাপতি শেখ মোমিন।

উল্লেখ্য, গত ০৭ জুন বিনা নোটিশে মেহেরপুর জেলা প্রশাসক ড.

মোহাম্মদ মুনসুর আলম খানের নির্দেশে কোর্ট জামে মসজিদের সামনে প্রায় ১০ বৎসর পূর্বে নির্মিত কোর্ট জামে মসজিদ মার্কেটের ২৫ টি দোকান বুলডোজার দিয়ে গুড়িয়ে দিয়ে পথে বসায় ২৫ টি ব্যবসায়ীকে।

আদালতে বিচার চলমান থাকা অবস্থায় উচ্ছেদের প্রতিবাদে মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির ৫ দিনের কর্মসূচির তৃতীয় দিন সকাল ১১ টায় দোকান বন্ধ করে কলো পতাকা সহ ২৫ মিনিট অবস্থান করে।

মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির ঘোষিত পরবর্তি কর্মসূচির মধ্যে রয়েছে ১২ জুন সকাল সাড়ে ১০ টায় কাফনের কাপড় সহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ।

১৩ জুন থেকে আমরণ অনশন কর্মসূচি, এবং ১৪ হরতালের মত কর্মসূচি এবং ১৫ জুন মেহেরপুর পৌর সভার ভোট বর্জন করার ঘোষণা দিয়েছেন ব্যবসায়ীরা।